

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৯৬৫(আগরতলা ২৬।০২)
আগরতলা, ২৬ ফেব্রুয়ারি, ২০২৪

**৪২তম আগরতলা বইমেলা
ষষ্ঠদিনে ১৬টি নতুন বই প্রকাশিত**

তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আজ হাঁপানিয়াস্থিত আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণের কবিতা মঞ্চে ৪টি প্রকাশনা সংস্থার ১৬টি নতুন বই ও ৪টি লিটল ম্যাগাজিন আনুষ্ঠানিকভাবে প্রকাশ করা হয়। প্রথমে বাংলা একাডেমি আগরতলা প্রকাশনা সংস্থার ৪টি নতুন বই প্রকাশ করা হয়। বইগুলি প্রকাশ করেন ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের চারজন সহকারি অধ্যাপক যথাক্রমে ড. নির্মল দাস, পরমাশ্রী দাসগুপ্ত, ড. সায়ক মুখার্জি ও ড. পদ্মকুমারী চাকমা। সভাপতিত্ব করেন বাংলা একাডেমি আগরতলা-প্রকাশনা সংস্থার সভাপতি ভাস্কর রায় বর্মণ। ধন্যবাদ জ্ঞাপন করেন এই সংস্থার সম্পাদক ড. রবীন্দ্র কুমার দত্ত। সঞ্চালনা করেন ত্রিপুরা (কেন্দ্রীয়) বিশ্ববিদ্যালয়ের সহকারি অধ্যাপক মলয় দেব। তাছাড়া স্রোত প্রকাশনার পক্ষ থেকে ১২টি নতুন বই এবং ৪টি লিটল ম্যাগাজিন প্রকাশ করা হয়। প্রকাশ করেন সাহিত্যিক শ্যামল বৈদ্য, বিমল চক্রবর্তী, শ্যামল ভট্টাচার্য, অশোকানন্দ রায়বর্ধন ও কবি মঞ্জু দাস। উপস্থিত ছিলেন স্রোত প্রকাশনা সংস্থার প্রকাশক সুস্মিতা পাল ধর ও সম্পাদক গোবিন্দ ধর।
